

ভোক্তার কল্যাণ

তারিখ ১১/১১/১১
পৃষ্ঠা ২
কনাম ১/১/১/১

NOV. 19 2002

নিরক্ষর কয়েদিদের

অক্ষরজ্ঞান

সুনামগঞ্জ প্রতিনিধি : সুনামগঞ্জ জেলা কারাগারের নিরক্ষর কয়েদিদের অক্ষর জ্ঞান দেওয়ার উদ্যোগ নিয়েছে সুনামগঞ্জ জেলা প্রশাসন।

বয়স্ক শিক্ষা কর্মসূচির (চেতনা-১, ২, ৩) আওতায় গত শনিবার থেকে এ কর্মসূচি শুরু হয়েছে। ব্যতিক্রমী এ উদ্যোগকে স্বাগত জানিয়েছে কয়েদিরাও। শনিবার ব্যাপক উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে প্রথম ক্লাস করেছে তারা।

কারাগার সূত্রে জানা গেছে, জেলা প্রশাসক মোহাম্মদ আলী খান, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও উন্নয়ন) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট ফয়েজ আহমদ, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা আবদুল মান্নানসহ জেলা প্রশাসনের উর্ধ্বতন কর্মকর্তারা কারা অভ্যন্তরে কয়েদিদের পাঠদানের মধ্য দিয়ে এই কার্যক্রমের উদ্বোধন করেন। এই কর্মসূচি প্রতিদিন সকাল ১০টা থেকে ১২টা পর্যন্ত চলবে। মহিলা কয়েদিদেরও এই কর্মসূচি আওতায় অক্ষর জ্ঞান দান করা হবে।

জেলা প্রশাসনের একজন কর্মকর্তা জানান, মহিলাসহ পাঁচজন প্রশিক্ষকও প্রতিদিন নিরক্ষর কয়েদিদের অক্ষর জ্ঞানদান করবেন।